



# বাংলাদেশ টেক্সটাইল মিলস কর্পোরেশন

বিটিএমসি ভবন

৭-৯, কাওরান বাজার বা/এ, ঢাকা-১২১৫

সূত্র নং-২৪.০৩.০০০০.১০১.৫৫.১০৬.১৬.

তারিখঃ ২৫.০৭.১৪২৪ বঙ্গাব্দ  
০৯.১১.২০১৭ খ্রিষ্টাব্দ

## চিত্তরঞ্জন কটন মিলে চিত্তরঞ্জন টেক্সটাইল পল্লী স্থাপনের লক্ষ্যে শিল্প প্লট বিক্রয়ের পুণঃ দরপত্র বিজ্ঞপ্তি


বাংলাদেশ টেক্সটাইল মিলস কর্পোরেশন (বিটিএমসি), বিটিএমসি ভবন (৩য় তলা), ৭-৯, কাওরান বাজার, ঢাকা এর নিয়ন্ত্রণাধীন চিত্তরঞ্জন কটন মিলে চিত্তরঞ্জন টেক্সটাইল পল্লী স্থাপনের নিমিত্ত বিভিন্ন সাইজের ৭টি প্লট 'যেখানে যে অবস্থায় আছে ভিত্তিতে' বিক্রয়ের লক্ষ্যে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠান/প্রবাসী বাংলাদেশী বিনিয়োগকারীদের নিকট হতে সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাচ্ছে।

দরপত্র সিডিউল প্রতি সেট ১,০০০/- (এক হাজার) টাকা মাত্র (অফেরৎযোগ্য) মূল্যে (১) সহকারী-সচিব, বেসরকারীকরণ/বিরাস্ত্রীয়করণ শাখা, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, কক্ষ নং-১১১৭, ভবন নং-৬(১২ তলা), বাংলাদেশ সচিবালয়, ঢাকা (২) প্রধান হিসাব রক্ষক, বাংলাদেশ টেক্সটাইল মিলস কর্পোরেশন, বিটিএমসি ভবন (৩য় তলা), ৭-৯, কাওরান বাজার, ঢাকা (৩) বিটিএমসি লিয়াজেঁ অফিস, আমিন টেক্সটাইলস লিঃ, ষোলশহর, চট্টগ্রাম (৪) জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ এর দপ্তর এবং (৫) চিত্তরঞ্জন কটন মিলস, গোদনাইল, নারায়ণগঞ্জ হতে প্রতি দিন অফিস চলাকালীন সময়ে ১১.১২.২০১৭খ্রিঃ তারিখ পর্যন্ত ক্রয় করা যাবে।

দরপত্র (১) সহকারী-সচিব, বেসরকারীকরণ/বিরাস্ত্রীয়করণ শাখা, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, কক্ষ নং-১১১৭, ভবন নং-৬(১২ তলা), বাংলাদেশ সচিবালয়, ঢাকা (২) জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ (৩) প্রধান প্রকৌশলী(অতিঃ দায়িত্ব), বাংলাদেশ টেক্সটাইল মিলস কর্পোরেশন, বিটিএমসি ভবন (৩য় তলা), ৭-৯, কাওরান বাজার, ঢাকা (৪) চিত্তরঞ্জন কটন মিলস, গোদনাইল, নারায়ণগঞ্জে রক্ষিত টেন্ডার বাক্সে ১২.১২.২০১৭ খ্রিঃ তারিখ বেলা ১২-০০ ঘটিকা পর্যন্ত গ্রহণ করা হবে। একই দিনে বেলা ১২-৩০ ঘটিকায় উল্লেখিত সকল স্থানেই উপস্থিত দরদাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাস্তব খোলা হবে এবং ১৩.১২.২০১৭ খ্রিঃ তারিখ বেলা ১২-০০ ঘটিকায় বিটিএমসি ভবন, ২য় তলা, বোর্ড কক্ষে উপস্থিত দরদাতাদের সামনে(যদি কেহ উপস্থিত থাকেন) সীলমোহরকৃত দরপত্র খাম খোলা হবে।

দরপত্রের সঙ্গে জামানত হিসাবে উদ্ধৃত মূল্যের ১০% (শতকরা দশ ভাগ) অর্থ বিটিএমসি'র অনুকূলে যে কোন সিডিউল ব্যাংক হতে ডিডি/পে-অর্ডার এর মাধ্যমে জমা দিতে হবে। প্রবাসী বাংলাদেশী বিনিয়োগকারীগণ অথবা তাদের বৈধ প্রতিনিধিগণ দরপত্র দাখিল করতে পারবেন। দরপত্রের বিস্তারিত শর্তাবলী ও তফসিল দরপত্রের সিডিউলের সঙ্গে পাওয়া যাবে। যথাযথ জামানত ছাড়া দরপত্র প্রস্তাব দাখিল করলে তা বাতিল বলে গণ্য হবে।

বিটিএমসি কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ এবং যে কোন বা সকল দরপত্র বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

  
(প্রকৌঃ রঞ্জন সরকার) ০৯/১১/১৭  
প্রধান প্রকৌশলী (অতিঃ দায়িত্ব)  
বিটিএমসি, ঢাকা।